প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০

মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থা/দপ্তরসমূহের উদ্ভাবনী কার্যক্রম ও উত্তম চর্চা

ক্রমিক	বিষয়	সংক্ষিপ্ত বিবরণ	মন্তব্য
১.	বিদেশগামী কর্মীগণের ফিংগার প্রিন্ট সংগ্রহ, বহির্গমন ছাড়পত্র ও স্মার্ট কার্ড প্রদান কার্যক্রম বিকেন্দ্রীকরণ	ইলেক্ট্রনিক পদ্ধতিতে বিদেশগামী কর্মীগণের ফিংগার প্রিন্ট সংগ্রহ করে তাদের জন্য স্মার্ট কার্ড প্রিন্ট করে বহির্গমন ছাড়পত্র প্রদান করা হচ্ছে। ফলে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে ইলেক্ট্রনিক পদ্ধতিতে প্রদত্ত স্মার্ট কার্ডটি মেশিন রিডেবল হচ্ছে।	এ কার্যক্রমটি বিভাগীয় পর্যায়ে বিকেন্দ্রীকরণের কাজ সম্পন্ন হয়ছে। প্রথম পর্যায়ে চট্টগ্রামে এ কার্যক্রমটি শুরু হয়েছে। পর্যায়ক্রমে অন্যান্য বিভাগ/জেলায় এ সুবিধা পৌঁছে দেয়া হবে। ফলে মাঠ পর্যায়ে প্রত্যন্ত অঞ্চলের বিদেশগামী কর্মীগণের এ সংক্রান্ত সেবা প্রাপ্তি সহজ হবে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী চট্টগ্রামে এ কার্যক্রমটির উদ্বোধন করেন।
২.	স্মার্ট কার্ড এর বহুমুখী ব্যবহার এবং বাংলাদেশ মিশনসমূহে তা পঠনযোগ্য করার জন্য মেশিনের ব্যবস্থা করা	বিদেশে গমনকারী কর্মীগণকে প্রদত্ত স্মার্ট কার্ডটি পরবর্তীতে বহুবিধ কাজে ব্যবহার করা এবং বিদেশে বাংলাদেশ মিশনসমূহে তা পঠনযোগ্য করার জন্য মেশিন সরবরাহ করা হয়েছে।	বাংলাদেশী কর্মীদের অনুকুলে প্রদত্ত মেশিন রিডেবল স্মার্ট কার্ডটি ব্যবহার করা হলে তা ডাটাবেইজের সাথে সংযুক্ত হবে। ফলে কোন কর্মীর সংশ্লিষ্ট তথ্যাদি সহজেই পাওয়া যাবে এবং বিদেশে বাংলাদেশ মিশনসমূহে তাদের সেবা প্রদানে সহায়ক হবে।
৩.	অনলাইনে CIP Application আহবান ও প্রক্রিয়াকরণ	(১) বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী অনাবাসি বাংলাদেশি, (২) বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী অনাবাসি বাংলাদেশি ও (৩) বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক অনাবাসি বাংলাদেশি -এ ৩টি শ্রেণীবিন্যাসে সিআইপি (এনআরবি) নির্বাচনের জন্য অনলাইনে CIP Application আহবান ও তা প্রক্রিয়াকরণের নিমিত্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আবেদনপত্র ও সংশ্লিষ্ট তথ্যাদি সন্নিবেশ করা হয়েছে।	অনলাইনে CIP Application আহবান ও তা প্রক্রিয়াকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার ফলে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে ইলেক্ট্রনিক পদ্ধতিতে এ কার্যক্রমটি পরিচালনা করা যাবে। বিশ্বের যে কোন দেশ হতে প্রবাসী কর্মীগণ অনলাইনে CIP Application দাখিল করার সুযোগ পাচ্ছে।
৪.	বিএমএটি'র ওয়েবমসাইটে ইন্টারনেটের মাধ্যমে অনলাইন ভিসা চেকিং পদ্ধতি এবং সংশ্লিষ্ট দেশের আর্থ-সামাজিক ও ভৌগলিক তথ্যাদির ব্যবস্থা	বিদেশ গমনেচ্ছু কর্মীগণের সেবা সহজীকরণের আওতায় সংযুক্ত আরব আমিরাত, কাতার, সিংগাপুর ও বাহরাইন-এ গমনকারী কর্মীগণ নিজেরাই নিজেদের ভিসা অনলাইনে যাচাই করে যেন নিশ্চিত হতে পারে সে লক্ষ্যে বিএমএটি'র ওয়েবমসাইটে অনলাইন ভিসা চেকিং পদ্ধতির ব্যবস্থা করা হয়েছে। ভিসা চেকিং এর সময় এ	অনলাইন ভিসা চেকিং সুবিধার কারণে সেবাগ্রহণকারীগণ সহজেই তাদের ভিসার সঠিকতা যাচাই করতে পারছেন এবং একই সাথে সংশ্লিষ্ট দেশের আর্থ-সামাজিক ও ভৌগলিক তথ্যাদির মৌলিক বিষয়সমূহ বিদেশ গমনের পূর্বেই জানতে পারছেন।

চলমান পৃষ্ঠা-২

		সেবা গ্রহনকারীগণ সংশ্লিষ্ট দেশের আর্থ-সামাজিক ও ভৌগলিক তথ্যাদিও পাবেন।	
৫.	মৃত প্রবাসী কর্মীর পরিবারের অনুকুলে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক সাহায্য প্রদানে অনুসৃত কার্যক্রম	মৃত প্রবাসী বাংলাদেশী কর্মীর মৃত দেহ দাফনের নিমিত্ত পরিবারকে বিমানবন্দর হতে ৩৫,০০০/- পয়ত্রিশ হাজার) টাকার চেক প্রদান ও আর্থিক অনুদান প্রাপ্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রের নমুনা সরবরাহ করা হয় । একই সাথে মৃত প্রবাসী কর্মীর যাবতীয় তথ্য ডাটাবেজ এ এন্ট্রি করা হয় । উক্ত ডাটাসমূহ স্বয়ংক্রিয় ভাবে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের Digital file opening software- এ ইনপুট হয় । উক্ত তথ্য প্রাপ্তির সাথে সাথে মৃত প্রবাসী কর্মীর পরিবারের সদস্যদের ০৩ (তিন) লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়। মৃত প্রবাসী কর্মীর পরিবারের সদস্যদের ঢাকাস্থ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর কার্যালয়ে এসে আবেদন করতে হয় না। চেক স্বাক্ষরিত হওয়ার পর মোবাইল এসএমএস এর মাধ্যমে মৃতের পরিবার এবং সংশ্লিষ্টদের জানিয়ে দেয়া হয়।	মৃত প্রবাসী কর্মীর অনুকুলে তাঁর পরিবারকে আর্থিক অনুদান প্রদানে এটি অত্যন্ত কার্যকর একটি পদ্ধতি। যার ফলে ইলেক্ট্রনিক পদ্ধতিতে আবেদনের প্রয়োজনীয় তথ্যাদি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের Digital file opening software- এ ইনপুট হিসেবে অন্তর্ভুক্ত হয়। সহজ এ প্রক্রিয়ার মাধ্যমে দ্রুততার সাথে সেবা প্রদান করা সম্ভব হয়।
৬.	বোয়েসেল এর মাধ্যমে বিদেশগামী কর্মীদের সকল তথ্য এসএমএস এর মাধ্যমে অবহিতকরণের জন্য এসএমএস গেটওয়ে স্থাপন।	বাংলাদেশ ওভারসীজ সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) এর কার্যক্রম অধিকতর ডিজিটাইজড্ করার লক্ষ্যে এবং স্বল্প খরচে, স্বল্প সময়ে , বিনা ভোগান্তিতে বিদেশেগামী কর্মীদের সেবা প্রদানের জন্য এস.এম.এস সার্ভিস চালু করা হয়েছে। এ পদ্ধতিতে বোয়েসেলের মাধ্যমে বিদেশে গমন সংক্রান্ত প্রয়োজনীয় সকল তথ্য এসএম.এস এর মাধ্যমে বিভিন্ন ধাপে সরাসরি বিদেশ গমনকারী সকল কর্মীকে বাংলায় অবহিত করা হয়। উল্লেখিত এস.এম.এস সার্ভিস স্থাপনের মাধ্যমে কাজের গতি বৃদ্ধি পেয়েছে এবং জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করা হয়েছে।	বাংলায় উক্ত এমএমএস সেবা প্রদানের ফলে সেবা গ্রহণকারীগণ দ্রুত ও সহজেই সেবা পাচ্ছেন।
৭.	গ্রাহক সেবা সহজীকরণের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ব্যাংকের চলমান অনলাইন কার্যক্রম	প্রবাসী কল্যাণ ব্যাংকের সকল শাখায় অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে সেবা প্রদান করে বিদেশগামী কর্মীগণের অভিবাসন ঋণ ও Reintegration ঋণ প্রক্রিয়া সহজতর করা হয়েছে। ইলেক্ট্রনিক নথি ব্যবস্থাপনার মাধ্যমে শাখা হতে সদর দপ্তরে অনলাইনে নথি প্রেরণ করা হচ্ছে।	এ প্রক্রিয়ায় সেবা গ্রহণকারীগণ দ্রুততার সাথে এবং সহজেই তাদের ঋণ প্রাপ্তির সেবা গ্রহণ করছে।
৮.	প্রবাসী কল্যাণ ব্যাংকের প্রক্রিয়াধীন ইনোভেশন কার্যক্রম	ব্যাংকের ইনোভেশন টীমের তত্ত্বাবধানে অনলাইনে অভিবাসন ঋণ আবেদন গ্রহণ ও ঋণ বিতরনের জন্য "পিকেবি অভিবাসন ঋণ অটোমেশন" শিরোনামে একটি কর্মসূচি গ্রহন করা রয়েছে।	"পিকেবি অভিবাসন ঋণ অটোমেশন" প্রক্রিয়ায় গ্রাহকগণ আরো সহজে এবং দ্রুততার সাথে ঋণ সেবা গ্রহণ করতে পারবেন। প্রক্রিয়াটি চালু করার নিমিত্ত প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান রয়েছে।
৯.	প্রবাসী কল্যাণ ব্যাংকের পিকেবি-আইওএম হেল্প লাইন	নভেম্বর, ২০১৩-এ প্রবাসী কল্যাণ ব্যাংকে পিকেবি-আইওএম হেল্প লাইন স্থাপন করা হয়।	ব্যাংকিং সেবা, পিকেবি সেবা, আইনগত সেবা, রেমিট্যান্স, অভিবাসন ঋণ, পুনর্বাসন ঋণ, প্রকল্প

চলমান পৃষ্ঠা-৩

			ঋণ ও প্রবাসীদের যে কোন সমস্যার বিষয়ে পরামর্শ সেবা প্রদানের লক্ষ্যে এ হেল্প লাইনটি স্থাপন করা হয়।
১০.	কল সেন্টারের মাধ্যমে গ্রাহকদের তথ্য সেবা প্রদান	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক তথ্য সেবা প্রদান সহজীকরণের লক্ষ্যে অত্র মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড কর্তৃক একটি কল সেন্টার স্থাপনের কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং গত ১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে মাননীয় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী তা উদ্বোধন করেন। তার আগে বেজ লাইন সার্ভে'র মাধ্যমে প্রয়োজনীয় সেবাসমূহ চিহ্নিত করা হয়েছে। এটুআই কর্মসূচির সহায়তায় ইনোভেশন ফান্ড এবং ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ডের অর্থায়নে কল সেন্টার স্থাপন করা হয়েছে।	কল সেন্টারটির কার্যক্রমের মাধ্যমে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক সেবা গ্রহণকারীদের সেবা প্রাপ্তি সহজতর হবে।
১১.	দুবাই ও মসকাটে টোল ফ্রি হেল্প লাইন	দুবাই ও মসকাটে টোল ফ্রি হেল্প লাইন স্থাপনের ফলে শ্রমবাজারের এ ২টি গুরুত্বপূর্ণ স্থানে বাংলাদেশী কর্মীগণ তাঁদের আইনগত সহায়তা, কর্মক্ষেত্রে কোন সমস্যা, প্রবাসী কর্মীর মৃত্যু, গুরুতর আহত বা অসুস্থতা, জন্ম নিবন্ধন, ডকুমেন্ট সত্যায়ন, পাসপোর্ট ইত্যাদি সংক্রান্ত সেবা গ্রহণের জন্য সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত টোল ফ্রি হেল্প লাইন ব্যবহার করতে পারেন।	দুবাই ও মাসকাটে টোল ফ্রি হেল্প লাইন ব্যবহার করে কর্মীগণ উল্লিখিত সেবাসমূহ ফোন কলের মাধ্যমে সহজেই গ্রহণ করতে পারেন।
১২.	বিদেশ গমনেচ্ছু কর্মীগণের ডাটাবেইজ	জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর ডাটাবেজে বিদেশগমনেচ্ছু কর্মীগণের তথ্যাদি সংগ্রহ করা হয়।	রিক্রুটিং এজেন্সি ও নিয়োগকর্তা এ ডাটাবেজ হতে সরাসরি কর্মী নিয়োগের সুযোগ পাচ্ছে।
১৩.	সেলফ্ ক্যাটাগরিতে বিদেশগামী কর্মীর জন্য ওয়ান স্টপ সার্ভিস	ব্যক্তিগতভাবে ভিসা সংগ্রহকারী দক্ষ বা আধাদক্ষ কর্মীগণ রিক্রুটিং এজেন্সির দ্বারস্থ না হয়ে সরাসরি সেলফ ক্যাটাগরিতে বিএমইটি'র ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে একদিনেই বহির্গমন ছাড়পত্র গ্রহণ করতে পারেন।	সেলফ ক্যাটাগরিতে বিদেশগামী কর্মীগণ স্বল্প সময়ে, কম খরচে এবং বিনা ভোগান্তিতে ওয়ান স্টপ সেবাটি পাচ্ছেন।
১৪.	ই-লার্ণিং প্লাটফরম ফর মাইগ্রেন্ট ওয়ার্কার	অভিবাসনে গমনেচ্ছু মহিলা গৃহকর্মীদের মোবাইলে content/apps ব্যবহারের মাধ্যমে সচেতনতা বৃদ্ধিসহ ব্রিফিং ও প্রশিক্ষণ প্রদান।	ই-লার্ণিং প্লাটফরম প্রস্তুতের ফলে এ কার্যক্রমে training duration কমে যাবে। pedagogical part এ physical visit ছাড়াই e-learning হবে। ফলে সেবা গ্রহিতার সময়, খরচ ও ভিজিট হ্রাস পাবে এবং একই স্ট্যান্ডার্ডে অধিকসংখ্যক কর্মী প্রশিক্ষণের সুযোগ পাচ্ছে।